

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬০৬

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَمْ يَبْقَ مِنَ النُّبُوَّةِ إِلَّا الْمُبَشِّرَاتُ» قَالُوا: وَمَا الْمُبَشِّرَاتُ؟ قَالَ: «الرُّوْيَا الصالحةُ». رَوَاهُ البُخَارِيّ

বাংলা

'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ স্বপ্নের মূলতত্ত্ব হচ্ছে এই যে, আল্লাহ ঘুমন্ত ব্যক্তির অন্তরে 'ইলমসমূহ এবং দৃষ্টিজ্ঞান সৃষ্টি করেন যেমন জাগ্রত অবস্থায় করে থাকেন। আর ঘুমন্ত ব্যক্তির মধ্যে এ ধরনের 'ইলমসমূহের সৃষ্টি হচ্ছে অন্যান্য বিষয়াদির নিদর্শন, যা ভবিষ্যতে হবে। আর এটা কখনো স্পষ্ট হবে। আবার কখনো হবে ইঞ্চিতাকারে।

৪৬০৬-[১] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নুবুওয়াতের কোন চিহ্ন এখন আর অবশিষ্ট নেই। তবে শুধু সুসংবাদ বহনকারী রয়ে গেছে। লোকেরা জিজ্ঞেস করল, সুসংবাদ বহনকারী কী? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ভালো স্বপ্ন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৬৯৯০, আল জামি'উস্ সগীর ৯৩২৯, সহীহুল জামি' ৫১৯৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ৪৭৩, তিরমিয়ী ২২৭৫, নাসায়ী ১০৪৫, ইবনু মাজাহ ৩৮৯৯, আবূ দাউদ ৫০১৭, ৮৭৬; মুওয়াত্তা মালিক ৩৫১৪, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৮৫০, মুসায়াফ 'আবদুর রায়্যাক ২৮৩৯, ইবনু আবূ শায়বাহ্ ৩০৪৫৬, আহমাদ ২৪৯৭৭, আবূ ইয়া'লা ২৩৮৭, সহীহ ইবনু খুয়য়মাহ্ ৫৪৮, ইবনু হিব্বান ৬০৪৮, দারিমী ১৩২৫।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ এ মর্মে আল্লাহ তা'আলার বাণী : (তাদের জন্য সুসংবাদ পার্থিব জীবনে) সূরাহ্ ইউনুস আয়াত ৬৪ অত্র আয়াতে সুসংবাদ দ্বারা সত্য স্বপ্পকে বুঝানো হয়েছে।

এ সম্পর্কে বর্ণিত হাদীস 'আয়িশাহ্ (রাঃ) হতে মারফূ' সূত্রে বর্ণিত, আমার পরে সুসংবাদ অবশিষ্ট থাকবে না তবে সত্য স্বপ্ন থাকবে। হুযায়ফাহ্ ইবনু উসায়দ হতে মারফূ' সনদে বর্ণিত নুবুওয়াত শেষ হয়ে যাবে সুসংবাদ অবশিষ্ট থাকবে। (ফাতহুল বারী ১২ খন্ড, হাঃ ৬৯৯০)

জেনে রাখা ভালো যে, স্বপ্ন তিন প্রকার। সত্য স্বপ্ন, শয়তানের ওয়াস্ওয়াসা ও মনের কল্পনা। তবে ভালো ও সত্য স্বপ্ন দ্বারা আল্লাহ তা আলা তার বান্দাকে সুসংবাদ প্রদান করেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন